



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ০৮ জুন ২০২২
১৮ জ্যৈষ্ঠ ১৪২৯

প্রেস রিলিজ

আজ ০৮ জুন ২০২২ খ্রিঃ রোজ বুধবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “Seminar On Role of Different Ministries/Divisions And Regulatory Bodies in Implementing Competition Law And Policy” শীর্ষক সেমিনার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য ড.এ এফ এম মনজুর কাদির, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ. এইচ. এম. সফিকুজ্জামান, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব আনার কলি মাহবুব বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ জাফরুল ইসলাম আজিজ, অর্থ বিভাগের যুগ্ম সচিব নাসিমা পারভীন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্মসচিব জনাব সুলতানা ইয়াসমীন, বাংলাদেশ ব্যাংকের পরিচালক জনাব আলী আকবর ফরাজী, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক জনাব গাজী এ কে এম ফজলুল হক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক জনাব রিপন কুমার দেবনাথ, শিল্প মন্ত্রণালয়ের উপসচিব ড. এ এফ, এম আমীর হোসেন, অর্থ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফা, বাংলাদেশ এনার্জি রেগুলেটর কমিশনের সচিব (উপসচিব) ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির পরিচালক মোহাম্মদ ইয়াকুব হোসেন, সিপিটিইউ আইএমইডি এর উপপরিচালক(উপসচিব) মোঃ মাহফুজার রহমান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ড. নাজনীন কাউসার চৌধুরী, খাদ্য অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ আব্দুস সালাম, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আইন বিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মাহফুজা মারফি, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান (চলতি দায়িত্ব) জনাব মোঃ মামুন-উর- রশীদ আসকারী, জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব মোঃ ওয়াহিদ উল্লাহ খান, বিটিআরসির সিনিয়র সহকারী পরিচালক জনাব অরুণ বাউড়ে, কৃষি মন্ত্রণালয়ের জনাব জুবাইর হোসেন বাবলু এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ।

সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব নাসরিন বেগম। অর্থনৈতিক টেকসই উন্নয়ন বাস্তবায়ন নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা, কমিশন গঠন, প্রতিযোগিতা আইন, ২০১২ এবং প্রতিযোগিতা আইন বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর / সংস্থার ভূমিকাসহ বিভিন্ন দিক সম্পর্কে পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালাহ উদ্দিন। এ সময় উপস্থিতিবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন ভোক্তা অধিকার সংরক্ষণ

অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ. এইচ. এম. সফিকুজ্জামান। এছাড়াও মুক্ত আলোচনা পর্বে উপস্থিতিবৃন্দ প্রতিযোগিতা আইন বাস্তবায়নের বিভিন্ন দিক সম্পর্কে মতামত প্রদান করেন।

সেমিনারে প্রধান অতিথি বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ বলেন- ব্যবসা বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে প্রতিযোগিতা আইন, ২০১২ বাস্তবায়নে সবাইকে সর্বাঙ্গিক সহায়তা করতে হবে। এই আইনের সীমাবদ্ধতা চিহ্নিত করে এবং আইন পর্যালোচনা করে শক্তিশালী প্রতিযোগিতা আইন প্রণয়ন করা দরকার বলেও তিনি জানান। ব্যবসা-বাণিজ্যে বৈষম্য হ্রাস, আমদানী নির্ভরতা হ্রাস, কর্তৃত্বময় অবস্থান প্রতিরোধ করে বাজারে সুস্থ প্রতিযোগিতা বিদ্যমান রাখার প্রয়াস ব্যক্ত করে তিনি কমিশনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম কমিশনের কার্যক্রমের অগ্রগতি তুলে ধরে বাজারে প্রতিযোগিতা পরিপন্থী কোন অনুশীলন বা কর্মকান্ড, কারসাজি বিদ্যমান থাকলে সে বিষয়ে কমিশনকে অবগত করতে সকলকে আহ্বান জানান। অর্থনৈতিক সমৃদ্ধি নিশ্চিতকরণ, ২০২৬ সালে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে (এলডিসি) উত্তরণের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়, রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বাণিজ্যে প্রতিযোগিতা বজায় না থাকলে ব্যবসা- বাণিজ্যে বিনিয়োগ কমে যাবে, কর্মসংস্থান হ্রাস পাবে, আন্তর্জাতিক বাজারে দেশের পণ্য ও সেবার অবস্থান হুমকীর সম্মুখে পতিত হবে। বাজারে সুস্থ প্রতিযোগিতা বিদ্যমান থাকলে একদিকে যেমন উৎপাদক, ব্যবসায়ী, ভোক্তাসহ সাপ্লাইচেইনের সকলেই ন্যায্য মূল্যে উৎকৃষ্ট মানের পণ্য ও সেবা পাবে, অপরদিকে তেমনি আন্তর্জাতিক বাজারেও দেশের পণ্য ও সেবার ভাবমূর্তি বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করে তিনি সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(শেখ রুবেল)
জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল : shekhruhieldu@gmail.com